



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নারায়ণগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, পাঠানটুলী, নারায়ণগঞ্জ

ওয়েব: www.nganjtsc.gov.bd, ই-মাইল: nganjtsc@gmail.com

স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP)



স্মারক নং- ৫৭.০৩.৬৭০০.৫০১.৩৪.০২০.২৩.২০৮০

তারিখ: ১৫ এপ্রিল ২০২৩খ্রি.

সম্পূর্ণ বিনা খরচে মোটর ড্রাইভিং কোর্সে ভর্তি চলছে

(সরকারি লাইসেন্স ফ্রি)

৪ মাস (৩৬০ ঘন্টা) মেয়াদী মে-আগস্ট ২০২৩ সেশনে মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স কোর্সে ভর্তি চলছে। বাংলাদেশ সরকার, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ও সুইজারল্যান্ড সরকারের অর্থায়নে দেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার দ্রুত সম্প্রসারণ, দারিদ্র বিমোচন, বৈদেশিক কর্মসংস্থান উপযোগী ও স্থানীয় শ্রম বাজারের চাহিদা অনুযায়ী দক্ষ মানব সম্পদ তৈরি, কর্মসংস্থান এবং বেকারত্ব দূরীকরণের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন নারায়ণগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, পাঠানটুলী, নারায়ণগঞ্জ-এ “মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স” কোর্সে ১১ ও ১২ তম ব্যাচে ফ্রি প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

১	প্রশিক্ষণের মেয়াদ	:	৪ মাস (১৪-০৫-২০২৩ খ্রি. হতে ২১-০৮-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত)
২	প্রশিক্ষণের সময়	:	প্রতিদিন ৪:১৫ ঘন্টা করে সপ্তাহে ৫ দিন।
৩	আসন সংখ্যা	:	প্রতি ব্যাচে ২০ জন, মোট ৪০জন (১ম শিফট: সকাল ৮:১৫টা হতে দুপুর ১টা, ২য় শিফট: দুপুর ২:০০ টা হতে বিকাল ৬:১৫ টা পর্যন্ত)
৪	বয়স	:	২১ থেকে ৩৫ বৎসর (৭ মে ২০২৩ তারিখে বয়স)
৫	শিক্ষাগত ও আবেদন যোগ্যতা	:	<ul style="list-style-type: none">সর্বনিম্ন ৮ম শ্রেণী /জেএসসি/জেডিসি/সমমান পাশ। ভর্তি ক্ষেত্রে নৃ-গোষ্ঠী, মহিলা, অদক্ষ, দরিদ্র, বিশেষ চাহিদা সম্পন্ন ও অনগ্রসর জাতী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের আবেদন গ্রহণযোগ্য হবে না।ড্রাইভিং লাইসেন্স আছে এমন প্রার্থী আবেদন করতে পারবে না।প্রশিক্ষণ শেষে ড্রাইভিং পেশায় নিয়োজিত থাকবে মর্মে স্বাক্ষরিত অভিভাবকের অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
৬	কোর্স ফি	:	সম্পূর্ণ ফ্রি (প্রশিক্ষণের যাবতীয় খরচ SEIP প্রকল্প হতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে মিটানো হবে) বিআরটিএ লাইসেন্স ফি প্রতিষ্ঠান থেকে পরিশোধ করা হবে।
৭	প্রশিক্ষণের বৈশিষ্ট্য ও সুবিধাসমূহ	:	সফলতার সাথে প্রশিক্ষণ সম্পন্নকারীদের নির্দিষ্ট হারে (প্রতিদিন ১৫০/- টাকা) যাতায়াত ও নাস্তা ভাতা প্রদান করা হবে। প্রথমবার লাইসেন্স নিতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অনুত্তীর্ণ হলে নিজ দায়িত্বে পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণ করতে বাধ্য থাকবে।
৮	ভর্তি ফরমের সহিত প্রশিক্ষণার্থী কর্তৃক যে সকল তথ্যাদি/পত্রাদি জমা দিতে হবে	:	<ul style="list-style-type: none">সদ্যতোলা ৪ কপি পাসপোর্ট ও ২ কপি স্ট্যাম্প সাইজের রজিন ছবি।পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ, অভিভাবকের বার্ষিক আয় ও বেকারত্বের নিশ্চয়নপত্র দাখিল করতে হবে।জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (বাধ্যতামূলক)। জাতীয় পরিচয়পত্র নাই এমনকেই আবেদন অযোগ্য বলে বিবেচিত হবে।শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনপত্রের সত্যায়িত কপি।মেডিকেল অফিসার কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সনদ (নন-কালার ব্লাইন্ডনেস)পুলিশ ক্লিয়ারেন্স পেপার জমা দিতে হবে।কোনো তথ্য ভুল প্রমাণিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৯	ভর্তি ফরম বিতরণ ও গ্রহণ	:	ফরম বিতরণ ও গ্রহণের শেষ তারিখ: ০৮-০৫-২০২৩খ্রি. পর্যন্ত (অনলাইন/সরাসরি) অনলাইন লিংক https://forms.gle/KaweAda7TaepnVUDA ভর্তি পরীক্ষা লিখিত/মৌখিক: ০৯-০৫-২০২৩খ্রি. (বিকাল ২ টা) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা প্রকাশ: ১০-০৫-২০২৩খ্রি. (সকাল ৪ টা) ভর্তি কার্যক্রমের শেষ তারিখ: ১১-০৫-২০২৩খ্রি.
১০	অরিয়েন্টেশন প্রোগ্রাম	:	১৪ মে ২০২৩ খ্রি. তারিখে উভয় ব্যাচ একত্রে বিকাল ৩:০০ ঘটিকায় (কনফারেন্স হল) অনুষ্ঠিত হবে।

(প্রকৌঃ মোঃ মাহবুব হায়দার)

অধ্যক্ষ

নারায়ণগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ

ফোনঃ ০২-৭৬৩৪৬৩৯